দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 JUN 1997 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪ ...

# জাতীয় বেতন স্কেলে বেসরকারী শিক্ষকদের অন্তর্ভুক্ত করার দাবী

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ; বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ একে, এম, জহিরুল ইসলাম ও যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক ; বাংলাদেশ শিক্ষক সমিতির সহ-সভাপতি মোঃ শহীদুল্লাহ ও মহাসচিব মোঃ সেলিম ভূঞা, সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যাপক আলী আকবর খান ও মহাসচিব অধ্যাপক মোঃ শাহজাহান, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ তোয়াহা প্রমুখ শিক্ষক নেতা এক যুক্ত বিবৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৭ই জুন সরকারী কর্মচারীদের ক্ষেত্রে নূতন জাতীয় বেতন স্কেল ১লা জুলাই '১৯ হইতে কার্যকর করার যে ঘোষণা দিয়াছেন সেজন্য তাঁহাকে অভিনন্দন জানাইয়াছেন। কিন্তু নেতৃবৃন্দ এমর্মে আশাবাদ ব্যক্ত করেন যে, ইতিপূর্বে প্রদত্ত তাঁহার প্রতিশ্রুতি মোতাবেক বেসরকারী স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারিগণও স্বয়ংক্রিয়ভাবে উক্ত নূতন জাতীয় বেতনক্রমে একই সময় হইতে অন্তর্ভুক্ত হইবেন।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) সভাপতি প্রফেসার ডঃ ম, আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান এক বিবৃতিতে ১লা জুলাই হইতে নূতন পে-স্কেল বাস্তবায়নের ঘোষণা দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানাইয়াছেন। বিবৃতিতে তাহারা একই সঙ্গে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদেরও নূতন পে-স্কেলের আওতায় তাহাদের বেতনের সরকারী অংশ প্রদানের দাবী জানান। তাহারা নূতন পে-স্কেলে এই বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ জানাইয়াছেন।

—প্রেস বিজ্ঞপ্তি